

পরিচালকের দপ্তর কম্পিউটার উইং, বিবিএস।	
মুখ্য পরিচালক	
উপপরিচালক (প্রশাসন)	* জরুরী উপস্থাপন করণ
সিঃ সিঃ এনালিস্ট (ওয়েব পোর্টাল)	* তারিখের মধ্যে উপস্থাপন করণ
সিঃ এনালিস্ট (জিওকোড)	* প্রয়োজনীয় ব্যবস্থা নিয়
সিঃ প্রোগ্রামার (মাইক্রোজাভা)	* আলোচনা করণ
সিঃ মেনেইজ ইঞ্জিনিয়ার (মেইনটেন্যান্স)	* নথিভুক্ত করণ।
প্রোগ্রামার (ডাটা প্রসেসিং)	
প্রকল্প পরিচালক (.....)	নং- ৫২.০১.০০০০.৬১০.১৪.২৯০.১৮.১১
ডায়েরী নম্বরঃ	
তারিখঃ	
সময়ঃ	পরিচালক

মোস্তাফিজুল্লাহ  
২৩/১০/২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
কম্পিউটার উইং  
“Strengthening data collection on migration”  
পরিসংখ্যান ভবন (৪র্থ তলা, ব্লক-এ)  
ই-২৭/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

তারিখঃ ২১ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব  
০৬ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

### কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার উইং কর্তৃক পরিচালিত ‘Cost of Migration survey’ হালনাগাদ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রশাসনিক এবং মাঠ পর্যায়ের জরিপ কাজ নিবিড়ভাবে তদারকির জন্য আধুনিক মডেলের একটি গাড়ী (কার ৪ সীট) সর্বোচ্চ ৬(ছয়)মাস মেয়াদে ভাড়া করার লক্ষ্যে প্রকৃত ঠিকাদার/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্তাবলী অনুযায়ী কোটেশন আহবান করা যাচ্ছে।

### শর্তাবলীঃ

- ১। ‘কোটেশন সিডিউল’ Cost of Migration survey ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৪র্থ তলা, ব্লক-এ), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে ১০/১০/২০১৯ খ্রি. পর্যন্ত অফিস সময়ের মধ্যে সংগ্রহ করা যাবে।
- ২। কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ১৪/১০/২০১৯ খ্রি. ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং একই দিন বেলা ৩:০০ ঘটিকায় দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন মূল্যায়ন করা হবে।
- ৩। কোটেশনের সাথে হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স (২০১৯-২০), টিআইএন সার্টিফিকেট (২০১৮-১৯), ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, সম্প্রতি ইস্যুকৃত ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৪। কার্যাদেশ প্রাপ্তির অনূর্ধ্ব ৩(তিন) দিনের মধ্যে ভাড়ায় গাড়ি সরবরাহ করতে হবে।
- ৫। ভাড়ায় চালিত গাড়ি প্রয়োজনে যে কোন বিভাগ/জেলা/উপজেলায় সপ্তাহে ২ অথবা ৩ দিন ভ্রমণ করতে হবে এবং গাড়ি মেরামত, গাড়ির জ্বালানী, গাড়িচালকের থাকা ও খাওয়ার ব্যবস্থা মালিকপক্ষকে বহন করতে হবে।
- ৬। ভাড়ায় চালিত গাড়ি কোন প্রকার ত্রুটি/গোলযোগ দেখা দিলে তা নিজ খরচে মেরামত করে দিতে হবে। প্রয়োজনে ত্রুটিযুক্ত গাড়ি পরিবর্তন করে একই মানের অন্য আরেকটি গাড়ি সরবরাহ করতে হবে।
- ৭। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রস্তাব করতে পারবে না।
- ৮। প্রচলিত হারে অগ্রিম আয়কর, ভ্যাট, অন্যান্য কর্তন ইত্যাদি কর্তন পূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে বিলের দাবী পরিশোধ করা হবে। এজন্য ৩ (তিন) কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।
- ৯। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

কবির উদ্দিন আহম্মদ  
পরিচালক  
ও  
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)-

- (১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- (২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস এর ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- (৩) নোটিশ বোর্ড, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- (৪) সরবরাহকারী প্রতিষ্ঠান.....।
- (৫) অফিস কপি।